

উপজেলা পরিষদ প্রাথমিক ও গণশিক্ষা কমিটির সেক্টেম্বর / ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

তারিখ : ০৮/০৯/২০২১ খ্রিঃ।

সময় : বেলা-১২.৩০ টা

স্থান : ভাইস চেয়ারম্যানের কার্যালয়, লোহাগড়া, নড়াইল।

সভাপতি : বি, এম কামাল হোসেন
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
লোহাগড়া, নড়াইল।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। অতঃপর তিনি গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা অত্র সভা কর্তৃক অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়। তিনি গঠিত কমিটির কার্যপরিধি মোতাবেক কার্যক্রম সম্পন্ন করতঃ উপজেলা পরিষদের সভায় উপস্থাপনযোগ্য বিষয় সমূহ সুপারিশ আকারে উপস্থাপন করার বিষয়ে পুনঃগুরুত্বারোপ করেন।

১। মানসম্মত প্রাথমিক শিক্ষা অর্জনে বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সভাপতিদের দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ: সভায় উপস্থিত উপজেলা শিক্ষা অফিসার জানান যে, মানসম্মত প্রাথমিক শিক্ষা অর্জনে বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির গুরুত্ব অপরিসীম। তাছাড়া বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি তাঁদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সচেতনও নয়। এমতাবস্থায় বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটিকে তাঁদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে দক্ষতা উন্নয়নের জন্য উক্ত প্রশিক্ষণের ব্যবস্থা করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় উক্ত প্রশিক্ষণ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের সহযোগিতায় করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন সুপারিশ করা হয়।

১। মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করণে ইংরেজি শিক্ষার দক্ষতা অর্জন বিষয়ক প্রশিক্ষণ: সভায় উপস্থিত উপজেলা শিক্ষা অফিসার জানান যে, মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করণে ইংরেজি শিক্ষার গুরুত্ব অপরিসীম। ইংরেজী শিক্ষকদের আরও বেশী দক্ষতা অর্জনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় উক্ত প্রশিক্ষণ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের সহযোগিতায় করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সুপারিশ করা হয়।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(বি, এম কামাল হোসেন)

সভাপতি

উপজেলা পরিষদ প্রাথমিক ও গণ শিক্ষা কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, লোহাগড়া, নড়াইল।

স্মারক নং- প্রাথমিক ও গণ শিক্ষা কমিটি সেক্টেম্বর: ১২০২১/৭৬০

তারিখ : ০৮/০৯/২০২১ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লোহাগড়া, নড়াইল।

০২। জনাব

(মো: সাইফুজ্জামান খান)

সদস্য সচিব

উপজেলা পরিষদ প্রাথমিক ও গণ শিক্ষা কমিটি

ও

উপজেলা শিক্ষা অফিসার

লোহাগড়া, নড়াইল।